বড়মাপের প্রত্যাশা

আপনার সন্তানের ভবিষ্যতের জন্য সহযোগী হওয়া

কে

১

২

৩

৪

৫

৬

৭

৮

NYC Department of Education

Joel I. Klein, Chancellor

বড়মাপের স্কুলগুলো বড়মাপের প্রত্যাশা নিয়ে শুরু করে

প্রতিটি গ্রেডে প্রতিটি শিক্ষার্থীর কী জানা উচিত এবং কী করতে সমর্থ হতে হবে, শিক্ষার মান তার মূলসূত্র বর্ণনা করে। সব ছেলেমেয়ে পরের গ্রেডে উত্তীর্ণ হওয়ার এবং, পরবর্তীতে, কলেজে সফলতালাভের, জীবিকা-অর্জনের এবং নিজেদের কম্যুনিটির একজন সৃষ্টিশীল সদস্য হওয়ার জন্য প্রস্তুত রয়েছে, এসব মান সেই বিষয়গুলোই নিশ্চিত করে থাকে। ছেলেমেয়েদের উচিত নিজেদের মাঝে লেখাপড়ার প্রতি ভালোবাসা তৈরি করা, যে-ভালোবাসা বর্তমান বিশ্বে, যেখানে গুরত্বপূর্ণ তথ্য দ্রুত পরিবর্তিত হয় ও বৃদ্ধি পায়, তাদের প্রয়োজনে আসবে।

প্রতিযোগিতাপূর্ণ বিশ্ব অর্থনীতিতে কাজ সন্ধান করার এবং দ্রুত পরিবর্তনশীল বিশ্বে কার্যকর হওয়ার জন্য আমাদের ছেলেমেয়েদের অতীতের যেকোন সময়ের চেয়ে বেশি জানতে হবে। যেসব স্নাতক চারবছরের কলেজে ভর্তি হতে চায় এটি তাদের ক্ষেত্রে সত্যি; এটি একইভাবে সত্যি সেসব শিক্ষার্থীর জন্যও যারা হাই স্কুল থেকে বেরিয়েই পেশাজীবন শুরু করতে চায়।

নিউ ইয়র্ক স্টেটের যেসব মানদণ্ড আমরা ব্যবহার করে থাকি সেগুলো আমাদের শিক্ষার্থীদের একটি কঠোর পাঠক্রম প্রদান করে। এর উদ্দেশ্য শিক্ষার্থীদের আধুনিক বিশ্বের চ্যালেঞ্জ মোকাবেলা করার উপযোগী সৃজনশীলতা, সূক্ষ্ম চিন্তনের দক্ষতা ও সমস্যাসমাধানের সামর্থ্য-লাভ নিশ্চিত করা। তবে এসব মান একটি প্রারম্ভিক বিন্দুমাত্র, লক্ষ্য নয়। জ্ঞানের একটি সুদৃঢ় ভিত্তি লাভ করে এবং সেই ভিত্তির উপর প্রতিষ্ঠিত হয়ে আমাদের শিক্ষার্থীরা তাদের শিক্ষার সর্বাধিক সুফল অর্জন করবে।

এখানে আপনারা ষষ্ঠ গ্রেডের শিক্ষার্থীদের স্কুলবছরের শেষে ভাষা শৈলী, অঙ্ক, সমাজপাঠ, এবং বিজ্ঞানে কী জানা থাকা উচিত এবং কী করতে সমর্থ হতে হবে তার উদাহরণ পাবেন। পরিবার হিসাবে শিক্ষাক্ষেত্রে আপনি বাড়িতে, নিজের এলাকায় এবং আমাদের এই চমৎকার সিটির সর্বত্র কোন ধরনের সহায়তা দিতে পারেন সেকথাও আপনি জানবেন।

এই নির্দেশিকা ষষ্ঠ গ্রেডে অনুসৃত মাপকাঠির ক্ষুদ্র একটি নমুনামাত্র উপস্থাপিত করে। বাকি আদর্শগুলোর খবর কী? ষষ্ঠ গ্রেড শুরু করার আগে আপনার সন্তানের কী শেখা উচিত ছিল? সে ৬ষ্ঠ গ্রেড বা তার পর কী শিখবে? এই প্রশ্নগুলোর সবকটির উত্তরই আপনি পাবেন আাপনার সন্তানের শিক্ষকের কাছে অথবা আমাদের www.nyc.gov/schools/languages/bengali/academics ওয়েবসাইটে।

অধ্যয়নের সুঅভ্যাস

অধ্যয়নের সুঅভ্যাস গড়ে তোলায় আপনার ছেলেমেয়েদের সাহায্য করার জন্য:

- ❑ হোমওয়ার্ক করার জন্য বাড়িতে একটি নিরিবিলি জায়গা ঠিক করুন যেখানে কলম, পেন্সিল, কাগজ, কাঁচি ও টেপের মত সাধারণ জিনিসগুলো হাতের নাগালের মধ্যেই থাকবে।
- ❑ তাদেরকে রোজ দায়িত্বপ্রাপ্ত কাজগুলোর কথা লিখে রাখতে ও সুবিন্যস্ত করতে বলুন। নিজেদের সময় কীভাবে ব্যবহার করতে ও দীর্ঘমেয়াদি লক্ষ্যের উদ্দেশে কাজ করতে হয় ওদের তা জানা প্রয়োজন।
- ❑ সবচেয়ে কঠিন কাজটি সবার আগে, শেষে নয়, করতে তাদের উৎসাহিত করুন।
- ❑ দায়িত্বপ্রাপ্ত কাজগুলো ঠিকসময়ে সম্পন্ন হয়েছে কিনা খোঁজ নিন। যথার্থ উত্তর পেয়েছে কিনা সে-বিষয়টির চেয়েও বেশি গুরুত্ব দিন তারা কী ভাবে কাজ সম্পন্ন করছে সেই প্রক্রিয়াটির উপর।

অন্যান্য চিন্তা-চেতনার জন্য, দেখুন www.nyc.gov/schools/languages/bengali/academics

প্রতিবন্ধী শিক্ষার্থী:

শিক্ষার্থীর ব্যক্তিক শিক্ষা কর্মসূচি (আইইপি)-তে যদি সুনির্দিষ্টভাবে কোনকিছু উল্লিখিত না থাকে, প্রতিবন্ধী শিক্ষার্থীরা সাধারণ শিক্ষার পাঠক্রমে অংশ নেবে। এই পাঠক্রম ভিন্ন ভিন্ন নির্দেশনা-স্তর ও কাঠামো (যেমন সহযোগিতামূলক দলগত শিক্ষকতার ক্লাস বা স্ব-নিয়ন্ত্রিত বিশেষ শিক্ষার ক্লাস) অনুযায়ী অভিযোজিত করা যেতে পারে। মান পূরণে প্রতিবন্ধী শিক্ষার্থীদের সহায়তাদানে অভিযোজনার মধ্যে থাকতে পারে নির্দেশনা সহায়তা যেমন ক্যালকুলেটর ও ভিজ্যুয়াল এইডস, নতুন দক্ষতা শেখার জন্য বাড়তি সময় দেয়া, এবং অর্পিত দায়িত্বের দৈর্ঘ্য হ্রাস।

আপনার সন্তানের শিক্ষককে জিজ্ঞাসা করুন

আপনার সন্তান স্কুলে কী শিখছে এবং আপনি বাড়িতে কীভাবে এই শিক্ষাকে সহায়তা করতে পারেন, শিক্ষার মান আপনাকে সে সম্পর্কে শিক্ষকদের সাথে কথা বলার বিরাট সুযোগ এনে দেয়। আপনি যেসব প্রশ্ন করতে পারেন এখানে তার কিছু নমুনা এখানে দেয়া হল।

মান সম্পর্কে আরও জানার জন্য:

- ❑ শিক্ষার্থীর এমন কিছু কাজের নমুনা আপনি কি আমাকে দেখাতে পারেন যেগুলো এই মান পূরণ করেছে?
- ❑ এই মান সম্পর্কিত আমার সন্তানের কিছু কাজ কি আমি দেখতে পারি?
- ❑ স্কুলবছরের কোন সময়ে আমার সন্তান এই মান অর্জনের লক্ষ্যে কাজ করবে?
- ❑ আমার সন্তানকে এই মান পূরণে বা অতিক্রমে সাহায্য করার জন্য আপনারা স্কুলে কী কী কার্যক্রম বা উপকরণ ব্যবহার করছেন? কী কী ক্লাসওয়ার্ক এবং হোমওয়ার্ক দেবেন বলে আপনি আশা করেন?
- ❑ আমার সন্তানকে মান অর্জনে সাহায্য করার জন্য কী কী অনুশীলন আছে যা আমি আমার সন্তানের সঙ্গে করতে পারি?
- ❑ এই নির্দেশিকায় বর্ণিত মানের বাইরে এই বছর আমার সন্তান আরও কী শিখবে বলে প্রত্যাশা করা হয়?

আপনার সন্তান স্কুলে কেমন করছে তা জানার জন্য:

- ❑ আমার সন্তান কোন্ কোন্ বিষয়ে গ্রেড স্তরে কাজ করছে? সে উন্নতি করতে পারে এমন ক্ষেত্র আছে কি?
- ❑ আমার সন্তান কি গ্রেড স্তরে পড়ছে? আমার সন্তান পড়তে পারে এমন কিছু বই কি আপনি আমাকে দেখাতে পারেন?
- ❑ প্রতিদিন প্রতিটি বিষয়ে আমার সন্তান কতটুকু সময় ব্যয় করে?
- ❑ এই বিষয়গুলোতে আমার সন্তানকে বর্ষব্যাপী আপনি কীভাবে মূল্যায়ন করেন?

আপনার সন্তানকে কীভাবে সহায়তা দিতে হয় তা জানার জন্য:

- ❑ আমার সন্তান কেমন করছে, তা হালনাগাদ জানার জন্য প্রতিবেদনপত্র ব্যতীত আর কী কী সেরা পথ রয়েছে?
- ❑ আপনার সন্তান যদি গ্রেডস্তর অর্জন না করে থাকে: আমার সন্তানের জন্য স্কুল কী ধরনের সহায়তা দিতে সমর্থ? আমার সন্তান যেন স্কুলে আরও ভালো করে তার জন্য সহায়তা দিতে বাড়িতে আমি কী করতে পারি?
- ❑ আপনার সন্তান যদি গ্রেডস্তর বা তার চেয়ে উপরে অবস্থান করে: আমার সন্তানের জন্য আপনি কী ধরনের অতিরিক্ত মানোন্নয়ন এবং সহায়তার পরামর্শ দেন? বাড়িতে আমি কীভাবে সহায়তা করতে পারি?

৬

ভাষা শৈলী

স্কুলবছরের শেষে সকল শিক্ষার্থী সমর্থ হবে:

- অধীত বিষয় অনুধাবনে সহায়তায় নানা ধরনের কৌশল ব্যবহার করে থাকে, যেমন প্রশ্ন জিজ্ঞাসা, পুনর্পাঠ, সংক্ষেপিতকরণ, ও মানসচিত্র গঠন।
- সাহিত্যের নানা কৌশলের (যেমন উপমা ও পরোক্ষ উপমা) ব্যবহার কীভাবে লেখকের বার্তা বহন করে তা নির্ধারণ করবে। উপমা দুটি ভিন্ন বস্তুর মধ্যে প্রত্যক্ষ সাদৃশ্য উল্লেখ করে; আর পরোক্ষ উপমা দুটি ভিন্ন বস্তুর মধ্যে পরোক্ষ বা ইঙ্গিতময় সাদৃশ্যের কথা বলে।
- সময়ের সাথে সাথে গল্পের চরিত্রগুলোর পরিবর্তন বুঝতে পারবে।
- অধীত বিষয় বোঝার জন্য বিভিন্ন ধরনের কৌশল অবলম্বন করবে, যেমন প্রশ্ন জিজ্ঞাসা করা, আবার পড়া, সারাংশ করা ও কল্পনায় দেখা।
- বিভিন্ন রীতির এবং বিভিন্ন উদ্দেশ্যে রচিত মৌলিক রচনাগুলোর, যেমন তথ্যমূলক রচনা (আর্টিকেল বা প্রতিবেদন); সাহিত্যিক রচনা (গল্প, কবিতা, এবং মননশীল রচনা); ব্যাখ্যামূলক রচনা (যেমন বই বা চলচ্চিত্রের সমালোচনা); এবং সাড়াদানমূলক রচনা (যেমন সম্পাদকের কাছে লেখা চিঠি) পত্রকোষ সংরক্ষণ করা।
- সাহিত্যের নানা শাখা থেকে মনে মনে ও জোরে জোরে পড়বে।
- নোট, রূপরেখা এবং দৃষ্টিনির্ভর সহায়তা উপকরণের মাধ্যমে স্কুলের পাঠ্য বিষয়ের উপর পাঁচ থেকে সাত মিনিটের প্রতিবেদন উপস্থাপন করবে।
- নিজের দৃষ্টিভঙ্গির প্রতি শ্রোতাদের আস্থা অর্জনের লক্ষ্যে প্রত্যয়-সঞ্চারী ভাষা, মেজাজ, কণ্ঠস্বর, এবং অঙ্গভঙ্গি ব্যবহার করবে।
- প্রয়োজনীয় খুঁটিনাটি বিষয় শ্রবণ, অনুধাবন এবং রেকর্ড করার সময়ে নোট নেবে।
- সমার্থক শব্দ (একই বিষয় নির্দেশকারী শব্দ) এবং বিপরীতার্থক শব্দ (বিপরীত অর্থ বোধক শব্দ) নির্ণয়ের জন্য সমার্থ শব্দকোষ ব্যবহার করবে।

বাড়িতে শেখা

নিম্নলিখিত কৌশলগুলো পরিবারের মাতৃভাষার পাশাপাশি ইংরেজিতেও প্রয়োগ করা যেতে পারে।

আপনার সন্তানকে তার পছন্দের বিষয়গুলোর ওপর রচিত বই সম্পর্কে জানতে ***লাইব্রেরিয়ান অথবা বইয়ের দোকানের বিক্রয়কর্মীর সাহায্য চাইতে উৎসাহিত করুন।***

আপনার সন্তানের লেখালেখিতে কৌতূহল দেখান। তার সাম্প্রতিক রচনাটি তাকে পড়তে বলুন এবং আপনার সন্তান তার কবিতা, রচনা, অথবা গল্পে যে ভাবনার প্রকাশ ঘটাতে চাচ্ছে সে সম্পর্কে তার সাথে আলোচনা করুন।

লেখালেখিতে ভাবনা প্রকাশের নতুন পথ আবিষ্কারে আপনার সন্তানকে চ্যালেঞ্জ জানান। উদাহরণস্বরূপ, আপনার সন্তান কতভাবে একটি আবেগ, যেমন "খুশি" অথবা "উত্তেজিত", বর্ণনা করতে পারে তা লক্ষ্য করুন। অনলাইনে সমার্থক শব্দের জন্য www.m-w.com -এ যান এবং "Thesaurus" এ ক্লিক করুন।

আপনার সন্তানকে তার বলার এবং শোনার দক্ষতা বৃদ্ধির জন্য ***বড়দের জমায়েতে অংশ নিতে আমন্ত্রণ জানান,*** যেমন মহল্লার সভায় কিংবা রেস্তোরাঁয় খাবারের আয়োজন।

গণিত

বাড়িতে শেখা

আপনার সন্তানকে নিয়ে আপার ওয়েস্ট সাইডে আমেরিকান মিউজিয়াম অব ন্যাশনাল হিস্ট্রি -এর ***রোজ সেন্টার ফর আর্থ অ্যান্ড স্পেস,*** www.amnh.org/rose, ***পরিদর্শন করুন,*** www.nasa.gov ওয়েবসাইটে মহাশূন্যের ছবি খুঁজে বের করুন, অথবা নিউ ইয়র্ক পাবলিক লাইব্রেরিতে, kids.nypl.org, জ্যোতির্বিজ্ঞানের ওপর লেখা বই খুঁজুন। মহাবিশ্ব এবং সৌরজগৎ বর্ণনা করার জন্য ব্যবহৃত অত্যন্ত বড় সংখ্যাগুলো সম্পর্কে আলোচনা করুন।

আপনার সন্তানকে আপনার ও পরিবারের অন্যদের সাথে ***বোর্ডের খেলা,*** যেমন দাবা ও ব্যাক গ্যামন, ***খেলতে উৎসাহিত করুন।*** বোর্ডের খেলা ছেলেমেয়েদের শৃঙ্খলাবোধ, সূক্ষ্ম চিন্তা ও সমস্যাসমাধানের দক্ষতা বৃদ্ধি করে। নিউ ইয়র্ক সিটি স্কুলসমূহে দাবা খেলার কর্মসূচি সম্পর্কে জানতে স্কুলের ওয়েবসাইট www.chessintheschools.org দেখুন।

আপনার সন্তানকে "ফিগার দিস," www.figurethis.org/index.html, ***দেখতে বলুন।*** এটি ন্যাশনাল কাউন্সিল অব টিচার্স অব ম্যাথমেটিক্স-এর ওয়েব সাইট যা শিক্ষার্থী ও তাদের পরিবারদের গণিত উপভোগ এবং ব্যবহারে সাহায্য করার জন্য চ্যালেঞ্জ, ধারণা, এবং উপকরণের প্রস্তাব দেয়।

স্কুলবছরের শেষে সকল শিক্ষার্থী সমর্থ হবে:

- এক থেকে এক ট্রিলিয়ন (১,০০০,০০০,০০০,০০০) পর্যন্ত সংখ্যা পড়তে এবং লিখতে।
- কোন সংখ্যা সারিতে অবস্থিত যৌক্তিক সংখ্যার (ভগ্নাংশ অথবা অনুপাত হিসাবে প্রকাশ করা যায় এমন সংখ্যা) অবস্থান চিহ্নিত করতে। উদাহরণস্বরূপ, ১/৪ কে কোন সংখ্যা সারিতে ০.২৫ হিসাবেও দেখানো যায়।
- যৌক্তিক সংখ্যাগুলোকে বিভিন্ন উপায়ে তুলে ধরতে। উদাহরণস্বরূপ, ১/২কে ডেসিমেল হিসাবে (০.৫০) অথবা শতাংশ হিসাবে (৫০শতাংশ) দেখানো যায়।
- ভগ্নাংশ এবং মিশ্র সংখ্যাকে ভিন্ন হরের সাথে যোগ, বিয়োগ, গুণ, এবং ভাগ করতে। যেমন, ১/৪+১/২=৩/৪ এবং ২ ৩/৪−১ ১/২=১ ১/৪।
- সুষম ও অসম বহুভূজসমূহের (যেসব আকৃতির সব রেখা সমান এবং সব কোণ সমান মাপের) আয়তন (বাহুগুলোর মধ্যবর্তী স্থান) এবং পরিসীমা (বাহুসমূহের মোট দৈর্ঘ্য) নির্ণয় করতে পারবে।
- বৃত্তের পরিধি (চারপাশের দূরত্ব) এবং আয়তন নির্ণয় করতে পারবে।
- পরিমাপের প্রথাগত একক, যেমন কাপ, পাইন্ট, কোয়ার্ট, অথবা গ্যালনের পাশাপাশি পরিমাপের মেট্রিক একক, যেমন, মিলিলিটার, কিউবিক সেন্টিমিটার, অথবা লিটার চিহ্নিত করতে পারবে।
- সহজ অনুপাতের সমাধান করবে। যেমন, ৪:ঢ=৫:২৫ এই অনুপাতের সমাধান কর (পাঁচ ২৫-এর এক-পঞ্চমাংশ, অতএব ৪ এর একই অনুপাত থাকতে হবে অথবা তাকে ঢ -এর এক-পঞ্চমাংশ হতে হবে। চার ২০-এর এক-পঞ্চমাংশ, সুতরাং ৪:২০=৫:২৫)।
- লেখচিত্র পড়তে এবং ব্যাখ্যা করতে পারবে।
- সমস্যা তুলে ধরার এবং তার সমাধান করার ক্ষেত্রে বিভিন্ন পদ্ধতি ব্যবহার করবে। যেমন, বীজগাণিতিক প্রকাশভঙ্গীঅথবা সারণি ব্যবহার করা।

বিজ্ঞান

ষষ্ঠ গ্রেডের বিজ্ঞানে জানা যায় সরল এবং জটিল যন্ত্রপাতি, আবহাওয়া, এবং প্রাণের বৈচিত্র্য ও পারস্পরিক নির্ভরশীলতা সম্পর্কে।

স্কুলবছরের শেষে সকল শিক্ষার্থী সমর্থ হবে:

- লিভার, পুলি, চাকা ও অক্ষদন্ড, এবং ইনক্লাইন্ড প্লেইনস্‌সহ সরল যন্ত্রপাতি চিহ্নিত করতে পারবে। জটিল যন্ত্রপাতি, যেমন বাইসাইকেলে, পারস্পরিক ক্রিয়াশীল বিভিন্ন সরল যন্ত্রপাতি ব্যবহার করে একথা বুঝবে।
- প্রচ্ছন্ন শক্তি, গতি শক্তি এবং যান্ত্রিক শক্তি (প্রচ্ছন্ন শক্তি ও গতি শক্তির সংমিশ্রণ, যা কাজের সময় প্রযুক্ত হয়) বলতে কী বোঝায় তা বুঝবে।
- সব আবহাওয়াই পৃথিবী পৃষ্ঠের অসম উত্তাপের ফল। যেসব কারণে আবহাওয়ার পরিবর্তন ঘটে তার কয়েকটি হচ্ছেচাপ, আপেক্ষিক আর্দ্রতা, তাপমাত্রা, এবং বায়ু।
- চরম আবহাওয়াজনিত ঘটনাবলি, যেমন সমুদ্রঝড়, ঘূর্ণিঝড়, তুষারঝড়, এবং খরা সম্পর্কে জানতে পারবে।
- কোষ তত্ত্ব, অর্থাৎ কোষ যে সব জীবের গঠন ও ক্রিয়ার মৌল একক, তা বুঝতে সক্ষম হবে।
- এককোষী এবং বহুকোষী প্রাণী – অর্থাৎ একটিমাত্র কোষ নিয়ে গঠিত এবং একের বেশি কোষ নিয়ে গঠিত প্রাণীর মধ্যে মিল ও অমিল নির্ণয় করতে পারবে।
- জীবের সংখ্যা বৃদ্ধিতে প্রভাব বিস্তারকারী শর্তাবলি সম্পর্কে জানতে পারবে। যেমন, শিকারী প্রাণী, বৃষ্টিপাত, এবং প্রাপ্য খাদ্য সরবরাহ এগুলো সবই বিচরণশীল প্রাণীর পালের আকার নির্ধারণ করে।
- পরিবেশের পরিবর্তন, যেমন পৃথিবীর উষ্ণতা কীভাবে মানুষ এবং অন্যান্য সপ্রাণ বস্তুর ওপর প্রভাব ফেলতে পারে, তা বুঝতে পারবে।
- সপ্রাণ বস্তু কীভাবে বাঁচার তাগিদে তার পরিবেশের সাথে নিজেকে খাপ খাওয়ায় তা জানতে পারবে। যেমন, অনেক প্রাণী নিজেদের দেহের তাপমাত্রা বজায় রাখতে তাদের খাদ্য থেকে প্রাপ্ত শক্তির ব্যবহার পরিবর্তন করতে পারে।
- খালি চোখে দেখা সম্ভব নয়, এমন অতি ক্ষুদ্র বস্তুর আকার নির্ধারণের জন্য জটিল অণুবীক্ষণ যন্ত্র (এমন অণুবীক্ষণ যন্ত্র বস্তুকে বড় করে দেখার জন্য যাতে একাধিক লেন্স করা হয়) ব্যবহার করতে শিখবে।

বাড়িতে শেখা

আপনার মহল্লা কি উপকূলীয় ঝড় কিংবা হারিকেনসৃষ্ট জোয়ারের এলাকার পথে পড়ে? আপনার সন্তানকে www.oasisnyc.net/OASISNYC_CoastalStormZones.htm–এ প্রভাবাধীন এলাকার মানচিত্র খুঁজে বের করতে বলুন।

আপনাদের নিজস্ব পারিবারিক আবহাওয়া কেন্দ্র স্থাপনের জন্য *আপনার সন্তানের সাথে, আমেরিকান মিউজিয়াম অব ন্যাশনাল হিস্ট্রির ওলোজি ওয়েব সাইট* amnh.org/ology/earth/stufftodo/weather_main.html *পরিদর্শন করুন।*

তথ্য, খেলাধুলা, তথ্যের উৎস এবং আরও অনেককিছুর জন্য *ইউ.এস. এনভায়রনমেন্টাল প্রোটেকশন এজেন্সির গ্লোবাল ওয়ার্মিং ওয়েব সাইট ফর কিডস,* epa.gov/climatechange/kids/index.html *পরিদর্শনে আপনার সন্তানকে উৎসাহিত করুন*।

আপনার পরিবার কীভাবে আপনাদের ঘরে পানি, শক্তি, এবং অন্যান্য সম্পদ সংরক্ষণ করতে পারে তা নিয়ে আপনার সন্তানের সাথে আলোচনা করুন। আপনার সন্তানকে আপনাদের পরিবারের জন্য অনুসরণযোগ্য একটি পরিকল্পনা প্রণয়ন করতে বলুন।

বাড়িতে শেখা

আপনার সন্তানসহ, পূর্ব গোলার্ধের কোন দেশের ***কোন অনলাইন পত্রিকা ব্রাউজ করুন***- যেমন, রাশিয়ার প্রাভদা, english.pravda.ru, চিনের চায়না ডেইলি, www.chinadaily.com.cn, অথবা লন্ডন, ইংল্যান্ডের দি টাইমস, www.timesonline.co.uk/tol/news।

নিউ ইয়র্ক সিটির যেসব "সিস্টার সিটি" পূর্ব গোলার্ধে আছে সেগুলো সম্পর্কে আরও জানতে আপনার সন্তানকে উৎসাহিত করুন। নিউ ইয়র্ক সিটি গ্লোবাল পার্টনার্স ওয়েব সাইট, www.nyc.gov/html/unccp/scp/html/scphome/home.shtml –এ যান এবং "NYC's Sister Cities"–এ ক্লিক করুন।

আপনার সন্তানের সাথে, নিউ ইয়র্কের মেট্রোপলিটান মিউজিয়াম অব আর্ট –এ পূর্ব গোলার্ধের বিভিন্ন সংস্কৃতির এবং বিভিন্ন যুগের শিল্পকর্ম ঘুরে দেখুন। মিউজিয়ামের অনলাইনে শিল্প ইতিহাসের সময়পরিসর, www.metmuseum.org/toah/splash.htm, ব্রাউজ করুন।

সমাজবিজ্ঞান

ষষ্ঠ গ্রেডে, শিক্ষার্থীরা ভূগোল এবং আফ্রিকা, এশিয়া, এবং ইউরোপের জাতিগুলোসহ পূর্ব গোলার্ধের বিকাশ সম্পর্কে জানে।

স্কুলবছরের শেষে সকল শিক্ষার্থী সমর্থ হবে:

- বুঝতে সক্ষম হবে যে সময়কে বছর, দশক, শতাব্দী এবং সহস্রাব্দ দিয়ে পরিমাপ করা যায়।
- পূর্ব গোলার্ধের জাতিগুলোর গুরুত্বপূর্ণ সন্ধিকাল এবং ঘটনাসমূহ (যেমন, রোমান সাম্রাজ্য, মধ্য যুগ, এবং রুশ বিপ্লব) চিহ্নিত করতে পারবে।
- বর্তমান ঘটনাপ্রবাহের সাথে ঐতিহাসিক ঘটনাবলির তুলনা করতে এবং তাদের সাদৃশ্য-বৈসাদৃশ্য নির্ণয় করতে পারবে।
- পূর্ব গোলার্ধের দেশগুলোর ঐতিহাসিক পর্বগুলো সম্পর্কে প্রতিবেদন তৈরি করার ক্ষেত্রে প্রাথমিক সূত্রগুলো ব্যবহার করতে পারবে।যেমন, দ্বিতীয় বিশ্ব যুদ্ধ ও ইহুদি নিধনযজ্ঞের উপর প্রতিবেদন তৈরির ক্ষেত্রে মূল স্থিরচিত্র, ফিল্ম, রোজনামচা, এবং অন্যান্য প্রত্যক্ষ উপকরণ ব্যবহার করবে।
- পূর্ব গোলার্ধের প্রাচীন সভ্যতাসমূহের বিকাশ সম্পর্কে জানতে পারবে। যেমন, ইউফ্রেটিস ও টাইগ্রিস নদীর তীরবর্তী ভূমিকে কেন সভ্যতার সূতিকাগার বলা হয় তা সম্পর্কে জানতে পারবে।
- যেসব স্থানে ভৌগোলিক অবস্থা সবচেয়ে বেশি অনুকূল ছিল সেসব স্থানেই যে সভ্যতার বিকাশ ঘটেছে, তা বোঝার ক্ষেত্রে মানচিত্র পড়তে এবং তা ব্যাখ্যা করতে পারবে।
- পূর্ব গোলার্ধের প্রাকৃতিক সম্পদ সম্পর্কে জানার ক্ষেত্রে বিশেষ মানচিত্র, গ্লোব, এবং স্থিরচিত্র ব্যবহার করতে পারবে।
- বুঝতে পারবে যে মানুষের দেশবিদেশে পরিভ্রমণ চিন্তাধারার বিনিময় সম্ভব করেছে।
- জনগণের প্রয়োজন মেটাতে পূর্ব গোলার্ধের সরকারগুলো কীভাবে পরিবর্তিত হয়েছে তা বুঝতে সক্ষম হবে (যেমন চিন ও দক্ষিণ আফ্রিকা ইত্যাদি দেশের পরিবর্তন)।
- কর্তৃত্ব এবং আইন সম্পর্কে পূর্ব গোলার্ধের বিভিন্ন দেশের মানুষের দৃষ্টিভঙ্গির মধ্যে মিল ও অমিল বিশ্লেষণ করতে পারবে।

আরও অপরিহার্য জ্ঞান ও দক্ষতা

আমাদের ষষ্ঠ গ্রেডের শিক্ষার্থীরা শুধুমাত্র পঠন, লিখন, অঙ্ক কষা, এবং বিজ্ঞান ও সামাজিক পাঠের মৌলিক ধারণাগুলোর চাইতেও অনেক বেশি কিছু শিখছে।

- ***শিল্প:*** ষষ্ঠ গ্রেডের শিক্ষার্থীরা দৃষ্টি নির্ভর শিল্পকলা, সঙ্গীত, এবং থিয়েটারে অংশগ্রহণ করে। তারা শিল্পকলার প্রতিটি শাখায় নিজেদের দক্ষতা বৃদ্ধি করে এবং শাখাগুলোর ইতিহাস সম্পর্কে গবেষণা করতে শেখে। শিল্পকে প্রভাবিত করে এমন ঐতিহাসিক, সাংস্কৃতিক, অর্থনৈতিক, এবং অন্যান্য শর্তের সাথে তারা তাদের অধ্যয়নকে সম্পৃক্ত করে, এবং তারা নিউ ইয়র্ক সিটির বিচিত্র ও সমৃদ্ধ শিল্প ভাণ্ডারটিকে আবিষ্কার করে। আরও বিশদ জানতে দেখুন: www.nyc.gov/schools/languages/bengali/academics
- ***শারীরিক পটুতা ও স্বাস্থ্য:*** শিক্ষার্থীরা তাদের ব্যক্তিগত স্বাস্থ্য ও কল্যাণ, তাদের পরিবার ও বন্ধুবান্ধবদের স্বাস্থ্য, এবং তাদের স্কুল ও কম্যুনিটির স্বাস্থ্যের উন্নয়নে সচেষ্ট থাকে। যেমন, সংশ্লিষ্ট সকল এলাকায় শিক্ষার্থীরা স্বাস্থ্যগত আচরণের ক্ষেত্রে পরিবার, সতীর্থ, এবং গণমাধ্যমের প্রভাবকে বিশ্লেষণ করতে; এবং স্বাস্থ্যসম্মত আচরণ করতে ও ঝুঁকিপূর্ণ বা বিপদজনক আচরণ, যেমন ধূমপান বা মাদকসেবন, বর্জন বা হ্রাস করতে শেখে। আরও বিশদ জানতে দেখুন: www.nyc.gov/schools/languages/bengali/academics
- ***লাইব্রেরি ও গবেষণা:*** বছর শেষে ষষ্ঠ গ্রেডের শিক্ষার্থীরা কৌতূহলোদ্দীপক অনুসন্ধানের দিকে পরিচালনাকারী প্রশ্ন লিখতে; কোন নির্দিষ্ট বইয়ের অবস্থান নির্ণয়ের জন্য অনলাইন ক্যাটালগ ব্যবহার করতে এবং শেলফগুলো ব্রাউজ করতে; তথ্যের সূত্র হিসাবে ওয়েব সাইট এবং সাবস্ক্রিপশন ডাটাবেইজসহ নানা রকম ফরমেট ব্যবহার করতে; উপসংহার টানতে এবং অর্থ তৈরি করতে তথ্য ও অনুমানকে সম্পৃক্ত করতে; এবং ইন্টারনেট ব্যবহারকালে নিরাপত্তার নিয়মগুলো অনুসরণ করতে পারে। আরও বিশদ জানতে দেখুন: www.nyc.gov/schools/languages/bengali/academics
- ***প্রযুক্তি:*** ষষ্ঠ গ্রেডের শিক্ষার্থীরা প্রযুক্তি ও তথ্যের নিরাপদ এবং দায়িত্বশীল ব্যবহার সম্পর্কে জানে। শিক্ষার্থীরা নানা ধরনের সূত্র হতে তথ্যের অবস্থান নির্ণয় এবং মূল্যায়ন করতে অন্যান্য প্রযুক্তি সম্পদের সাধারণ ওয়েব সার্চ ইঞ্জিনের ব্যবহার এবং মৌলিক সার্চ কার্যক্রমের ধাপগুলো বর্ণনা করতে পারে। শিক্ষার্থীরা তাদের কাজ যথাযথভাবে উদ্ধৃত করে এবং অন্যেও কাজকে নিজের কাজ বলে চালিয়ে দেবার পরিণতি বুঝতে পারে। আরও বিশদ জানতে দেখুন: www.nyc.gov/schools/languages/bengali/academics

আরও জানুন

এই নির্দেশিকা আপনার সন্তান এই বছর যেসব আদর্শ মান শিখবে, সেগুলো সম্পর্কে একটি সাধারণ ধারণা দেয় মাত্র। আপনি কে থেকে ৮ সকল গ্রেডের জন্য এই নির্দেশিকা এবং সকল বিষয় ও সকল গ্রেডের মান সম্পর্কিত পূর্ণাঙ্গ তথ্য আমাদের www.nyc.gov/schools/languages/bengali/academics ওয়েবসাইটে দেখতে ও ডাউনলোড করতে পারবেন।

আপনার সন্তানের শিক্ষা এবং আপনি কীভাবে বাড়িতে এবং স্কুলে উভয় স্থানেই এতে সহায়তা করতে পারেন সে-ব্যাপারে ডিভিশন অব টিচিং অ্যান্ড লার্নিং ও ফ্যামিলি এনগেজমেন্ট অ্যান্ড অ্যাডভোকেসি অফিস আরও নানা ধরনের পরামর্শ দিয়ে থাকে। আরও তথ্যের জন্য টিচিং অ্যান্ড লার্নিং এর ওয়েবসাইট www.nyc.gov/schools/languages/bengali/academics, এবং ওফিয়া ওয়েবসাইট www.nyc.gov/schools/languages/bengali/ofea দেখুন। আপনি আপনার স্কুলের প্যারেন্ট কোঅর্ডিনেটরকে অথবা ওফিয়াকে (212) 374-2323 নম্বরে ফোন অথবা ofea@schools.nyc.gov. ঠিকানায় ই-মেইলে যোগাযোগ করতে পারেন। এছাড়া, আপনি 311 - এ ফোন করে আপনার সন্তানকে নিয়ে যাওয়ার মত সিটির অন্যান্য সাংস্কৃতিক এবং ঐতিহাসিক সংস্থার সন্ধানও নিতে পারেন।

Department of Education
Joel I. Klein, Chancellor

DIAL 311

T&I-7924 6th (Bengali)